

নং-০৫.৪৩.৮১০০.০০৬.০৫.০০১.২৪-০৬

তারিখ: ১২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২৫ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

নির্বাচনি ব্যয় নির্বাহের সম্ভাব্য উৎসের বিবরণী দাখিল সংক্রান্ত গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ষষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন উপলক্ষ্যে রাজশাহী জেলার চারঘাট ও বাঘা উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান ও মহিলা-ভাইস চেয়ারম্যান পদে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক ০৪ এপ্রিল ২০২৪ খ্রি. তারিখে ১৭.০০.০০০০.০৭৯.৪০.০০২.২৪-১৬৪ নং স্মারকে জারীকৃত পরিপত্রের নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ৫০ এর উপবিধি (১) অনুযায়ী প্রত্যেক প্রার্থী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্রের সাথে তার নির্বাচনি ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় তহবিলের সম্ভাব্য উৎস সম্পর্কে নিম্নবর্ণিত তথ্যসমূহ প্রদর্শনপূর্বক ফরম 'ঢ' তে একটি বিবরণী দাখিল করবেন:


- (ক) নিজ আয় হতে যে অর্থের সংস্থান করা হবে তার পরিমাণ ও উক্ত আয়ের উৎস;
- (খ) আত্মীয় স্বজনের নিকট হতে কর্জ করা হবে বা দান হিসেবে পাওয়া যাবে এরূপ সম্ভাব্য অর্থ এবং তাদের আয়ের উৎস;
- (গ) কোন প্রতিষ্ঠান বা সংস্থা থেকে স্বেচ্ছা প্রদত্ত দান বাবদ প্রাপ্য সম্ভাব্য অর্থ;
- (ঘ) অন্য কোন উৎস হতে প্রাপ্য এরূপ অর্থ এবং উক্ত আয়ের উৎস।

২। উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ৫০ এর উপ-বিধি (২) অনুসারে সম্ভাব্য উৎসের বিবরণীর সাথে প্রার্থী আয়কর দাতা হলে, তার সম্পদ বিবরণী সম্বলিত সর্বশেষ দাখিলকৃত আয়কর রিটার্ন দাখিলের প্রমাণ সংক্রান্ত কাগজপত্র মনোনয়নপত্রের সাথে সংযুক্ত করে দাখিল করতে হবে।

৩। উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ৫০ এর উপ-বিধি (৩) এর অধীন সম্ভাব্য উৎসের বিবরণীর কপি, উপ-বিধি (১), (২) এ উল্লিখিত সম্পদ বিবরণী সম্বলিত আয়কর রিটার্নের প্রত্যয়িত অনুলিপি এবং আয়কর পরিশোধের প্রমাণপত্রের কপি রিটার্নিং অফিসারের কাছে দাখিল করতে হবে।

৪। যদি প্রতিদ্বন্দ্বী প্রার্থী উপ-বিধি (১) এর অধীন দাখিলকৃত বিবরণীতে উল্লিখিত কোন উৎস ব্যতীত অন্য কোন উৎস হতে কোন অর্থ প্রাপ্ত হন, তাহলে তিনি অনুরূপ অর্থ প্রাপ্তির পর তা নির্বাচনি ব্যয়ের রিটার্ন দাখিলের সাথে এরূপে প্রাপ্ত অর্থ এবং প্রাপ্তির উৎস উল্লেখ করে একটি অতিরিক্ত বিবরণী রিটার্নিং অফিসারের নিকট দাখিল করবেন এবং অনুরূপ বিবরণী রিটার্নিং অফিসারের নিকট দাখিলের সময় তাকে তার একটি কপি রেজিস্টার্ড ডাকযোগে কমিশনের নিকট প্রেরণ করতে হবে।

৫। উপজেলা পরিষদ নির্বাচনে চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর তাহার নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচনি ব্যয় বাবদ অনধিক ২৫ (পঁচিশ) লক্ষ টাকা ব্যয় করতে পারবেন। উল্লেখ্য, উপজেলা পরিষদের নির্বাচনে প্রার্থীর ব্যক্তিগত খরচ নেই।


(মির্জা ইমাম উদ্দিন)

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী

ও

রিটার্নিং অফিসার

ষষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন

ফোনঃ ০২৫৮৮৮-৫৫৯৭৬ (অফিস)

ইমেইল: admrajshahi@mopa.gov.bd


নং-০৫.৪৩.৮১০০.০০৬.০৫.০০১.২৪-০৬(১৮)

তারিখ: ১২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২৫ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৩. উপ-মহাপুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ, রাজশাহী

৪. পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী
৫. জেলা প্রশাসক, রাজশাহী
৬. পুলিশ সুপার, রাজশাহী
৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
৮. উপপরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী
৯. উপপরিচালক, জেলা তথ্য অফিস, রাজশাহী (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)
১০. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, রাজশাহী
১১. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, রাজশাহী
১২. উপজেলা নির্বাহী অফিসার, চারঘাট/বাঘা, রাজশাহী ও সহকারী রিটার্নিং অফিসার
১৩. উপজেলা নির্বাচন অফিসার, চারঘাট/বাঘা, রাজশাহী
১৪. অফিসার ইনচার্জ, থানা, রাজশাহী


অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী
ও
রিটার্নিং অফিসার
ষষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন